কানাইঘাট সাব রেজিস্ট্রার অফিসের বেহাল দশা : সংস্কারের দাবী

কানাইঘাট প্রতিনিধি :

সিলেটের কানাইঘাট সাব-রেজিস্ট্রার অফিসের বেহাল অবস্থা বিরাজ করছে। দীর্ঘদিন ধরে সাব-রেজিষ্ট্রার কার্যালয়ের কোন ধরনের সংস্কার না হওয়ার কারনে বৃষ্টি হলেই পুরনো এক তলা ভবনের ছাদের বিভিন্ন অংশ দিয়ে পানি চুয়ে পড়ে। এছাড়া সরজমিনে গিয়ে দেখা যায়, অফিসের দরজা জানালা পুরনো হওয়ায় গুনে ধরে অনেক জায়গায় ভেঙ্গে যাচ্ছে। যার কারনে এক ধরনের অরক্ষিত অবস্থায় রয়েছে উপজেলার গুরুত্বপূর্ণ সাব-রেজিষ্ট্রার কার্যালয়টি। অনেক পুরনো ছোট অফিসটিতে গাদাগাদি করে কাজ করে থাকেন অফিসের কর্মকর্তা কর্মচারী ও নকল নবিশরা। সাব-রেজিস্ট্রারের এজলাসের আসবাবপত্রগুলো অনেক পুরনো ও চেয়ার, টেবিল পর্যাপ্ত পরিমান নেই। এতে করে জমি কেনা বেচা করতে এসে নানা ধরনের বিড়ম্বনার শিকার হন জমি বিক্রেতারা। অফিস সূত্রে জানা গেছে, কার্যালয়ের সংস্কারের কাজ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে চিঠির মাধ্যমে জানানো হয়েছে। দ্রুত অফিসের সংস্কার সহ জনসাধারনের সুবিধার্থে সাব-রেজিস্ট্রার কার্যালয়ের একটি নতুন ভবন নির্মানের জন্য কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছেন দলিল লিখকসহ সচেতন মহল।